# বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতি

## অবসর ভবন

৭৫/এ, রোড নং ৫/এ, ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৯
ফোন ঃ ৯১১৯২০৮, ৯১১৪৮৫৮।
**Website : www.brgewa.com**

---

## বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতির ২০১৮ ও ২০১৯ মেয়াদের নবনির্বাচিত কার্যনির্বাহী কমিটির ৫ম সভার কার্যবিবরণী ঃ

স্থান ঃ অবসর ভবন।
তারিখ ঃ ২৭ ডিসেম্বর, ২০১৮।
সময় ঃ পূর্বাহ্ন ১১.০০ ঘটিকা।
সভাপতি ঃ জনাব আব্দুল্লাহ হারুন পাশা।
সভাপতি, বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতি।

**সভায় কার্যনির্বাহী কমিটির নিম্নোক্ত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন ঃ**

| | | |
|---|---|---|
| ১. | জনাব মোঃ আব্দুল মান্নান | সহ-সভাপতি |
| ২. | জনাব মোঃ আবদুল কাইউম ঠাকুর | মহাসচিব |
| ৩. | জনাব এ,কে, শামসুল হক | কোষাধ্যক্ষ |
| ৪. | জনাব মোঃ আনিসুজ্জামান | যুগ্ম-মহাসচিব |
| ৫. | জনাব মোঃ ওয়াসিউজ্জামান আকন্দ | সহকারী মহাসচিব |
| ৬. | জনাব এম মিজানুর রহমান | সদস্য |
| ৭. | জনাব মোঃ আমান উল্লাহ | ” |
| ৮. | জনাব মোঃ এনায়েত হোসেন | ” |
| ৯. | জনাব মোঃ আব্দুল হাই | ” |
| ১০. | জনাব ফেরদৌস পারভীন | ” |
| ১১. | জনাব খান এম ইব্রাহীম হোসেন | ” |
| ১২. | জনাব সামসাদ বেগম | ” |
| ১৩. | জনাব মোঃ ফজলুল হক | ” |
| ১৪. | জনাব মোঃ মাহে আলম | ” |
| ১৫. | জনাব মোঃ মাহবুব হোসেন | ” |
| ১৬. | শেখ হাসিবুর রহমান | ” |
| ১৭. | জনাব মোঃ আবদুস সাত্তার শেখ | বিভাগীয় প্রতিনিধি,ঢাকা-১ |
| ১৮. | অধ্যাপক মোঃ ফজলুল হক | বিভাগীয় প্রতিনিধি, ঢাকা-২ |
| ১৯. | আলহাজ্ব মোঃ আবদুর রাজ্জাক | বিভাগীয় প্রতিনিধি, ময়মনসিংহ |
| ২০. | জনাব মোঃ আরফান আলী | বিভাগীয় প্রতিনিধি, চট্টগ্রাম-১ |
| ২১. | খন্দকার মিজানুর রহমান (বীরমুক্তিযোদ্ধা) | বিভাগীয় প্রতিনিধি, খুলনা |
| ২২. | জনাব মোঃ জাহাঙ্গীর আলী | বিভাগীয় প্রতিনিধি, রাজশাহী |
| ২৩. | জনাব মোঃ বেলায়েত হোসেন খান | বিভাগীয় প্রতিনিধি, বরিশাল |
| ২৪. | অধ্যাপক মোঃ আব্দুল্লাহ | বিভাগীয় প্রতিনিধি, সিলেট |
| ২৫. | জনাব মোঃ মনোয়ার হোসেন | বিভাগীয় প্রতিনিধি, রংপুর |

সভাপতি উপস্থিত সকলকে সাদর সম্ভাষণ জানিয়ে আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর নিম্নোক্তভাবে সভার কার্যক্রম পরিচালিত হয় ঃ

**আলোচ্যসূচি- ১ ঃ <u>প্রয়াত সদস্যগণের রুহের মাগফেরাত কামনা করে মোনাজাত।</u>**

সভাপতির আহ্বানক্রমে পরিচালক (প্রশাসন) বিগত কার্যনির্বাহী কমিটির সভার পর যে সকল সদস্যের ইন্তেকালের সংবাদ পাওয়া গিয়েছে তাঁদের নাম সভায় পাঠ করে শুনান। অতঃপর তাঁদের ও জানা অজানা সকল পরলোকগত সদস্যদের আত্মার মাগফেরাত ও শান্তি কামনা করে সমিতির কোষাধ্যক্ষ জনাব এ কে শামসুল হক মোনাজাত পরিচালনা করেন।

**আলোচ্যসূচি- ২ ঃ <u>বিগত ১৩ নভেম্বর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত সমিতির কার্যনির্বাহী কমিটির সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।</u>**

বিগত ১৩ নভেম্বর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত সমিতির কার্যনির্বাহী কমিটির সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের লক্ষ্যে সভাপতি উপস্থিত সদস্যদের মতামত আহ্বান করলে কার্যনির্বাহী কমিটির সদস্য জনাব মোঃ মাহে আলম ফটোকপিয়ার মেশিন অপারেটর এর ১টি পদ সৃষ্টির অনুমোদন দেয়া হয়নি তথাপিও অনুমোদিত হয়েছে মর্মে কার্যবিবরণীতে লিপিবদ্ধ করা হয়েছে। কিন্তু অধিকাংশ সদস্য ফটোকপিয়ার মেশিন অপারেটার এর ১টি পদ সৃষ্টির বিষয় অনুমোদিত হয়েছে মর্মে অভিমত ব্যক্ত করেন। কার্যবিবরণী লিপিবদ্ধকরণে আর কোন আপত্তি উত্থাপিত না হওয়ায় জনাব মোঃ মাহে আলমের মতামতসহ কার্যবিবরণীটি নিশ্চিত করা হয়।

**আলোচ্যসূচি- ৩ ঃ <u>বিগত ১৩ নভেম্বর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন সম্পর্কে পর্যালোচনা</u>।**

সভাপতির আহবানে সমিতির পরিচালক (প্রশাসন) বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন পরিস্থিতি নিম্নোক্তভাবে সভায় উপস্থাপন করেন ঃ

(১) প্রয়াত সদস্যগণের পরিবারের নিকট শোক প্রস্তাব প্রেরণ করা হয়েছে।

(২) সমিতির বার্ষিক ক্রীড়া অনুষ্ঠান-২০১৮ সুলতানা কামাল মহিলা ক্রীড়া কমপ্লেক্সে ০১ ডিসেম্বর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে ঢাকা- ১০ আসনের মাননীয় সংসদ সদস্য ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস উপস্থিত হয়েছিলেন। অন্যত্র ব্যস্ত থাকার কারনে তিনি শেষ পর্যন্ত থাকতে পারেননি। অনুষ্ঠানে সমিতির সভাপতি বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন। ক্রীড়া অনুষ্ঠানটি সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে।

(৩) সমিতির অনুকূলে বরাদ্দকৃত উত্তরায় ১ বিঘা জমি সমিতির নামে নামজারির লক্ষ্যে শুনানি অন্তে নামজারির কার্যক্রম সম্পন্ন হয়েছে।

(৪) সমিতির উত্তরার জমির ডিজিটাল নকশা প্রণয়ণের কাজটি উন্নয়ন উপ-কমিটির চেয়ারম্যান জনাব মোঃ আব্দুল মান্নান সম্পাদন করবেন মর্মে জানিয়েছেন। এছাড়া প্রকৌশলী জনাব মোঃ আবুল কাশেম দেয়াল নির্মাণের প্রাক্কলন প্রণয়ণের কাজ করছেন।

(৫) সমিতির কল্যাণ কার্যক্রমের আওতায় **শিক্ষাবৃত্তি, এককালীন অনুদান এবং জরুরী চিকিৎসা/কন্যার বিবাহ/প্রাকৃতিক দুর্যোগ** খাতে শেষ কিস্তির মঞ্জুরীকৃত অর্থ বাবদ টাঃ ২৪,৫৮,২০০/- (চব্বিশ লক্ষ আটান্ন হাজার দুইশত) দেশের সংশ্লিষ্ট জেলা শাখা সমিতির নিকট প্রেরণ করা হয়েছে।

(৬) কার্যনির্বাহী কমিটির সিদ্ধান্ত মোতাবেক সমিতির পরিচালক (কার্যক্রম) জনাব মোঃ ওয়ালিউর রহমানকে ০২ (দুই) বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ দেয়া হয়েছে এবং চিকিৎসা কেন্দ্রের ডেন্টিস্ট জনাব মোঃ সেলিম ইফতেখারকে ০২ (দুই) বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ দেয়া হয়েছে।

(৭) সমিতির চিকিৎসাকেন্দ্রে রেডিওলজি বিভাগ চালুর লক্ষ্যে স্বাস্থ্য উপ-কমিটির সভার সুপারিশ অদ্যকার সভায় পেশ করা হয়েছে।

(৯) সমিতির বনভোজন- ২০১৮ এর জন্য কয়েকটি স্থান পরিদর্শন করে মিলিটারী ফার্ম, সাভার, ঢাকা নির্ধারণ করা হয়েছে এবং সমিতির সকল সদস্যদের নিকট আগামী ০২ ফেব্রুয়ারী, ২০১৯ তারিখে অনুষ্ঠেয় বনভোজনের আমন্ত্রণ পত্র প্রেরণ করা হয়েছে। বনভোজনে খাবার মেন্যু অনুসারে তা সরবরাহের জন্য ব্যবস্থাপনা কমিটির সভার সুপারিশ অদ্যকার সভায় পেশ করা হয়েছে।

(১০) বিগত সভায় অনুমোদিত আবেদনকারীদের সদস্যভুক্তি সংক্রান্ত বিষয়টি অবহিত করা হয়েছে। ইতোমধ্যে প্রায় অনেকেই সমিতির সদস্যভুক্ত হয়েছেন।

**আলোচ্যসূচি- ৪ ঃ লাইব্রেরী উপ-কমিটির ২৯ নভেম্বর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশ বিবেচনা ও অনুমোদন।**

লাইব্রেরী উপ-কমিটির ২৯ নভেম্বর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশসমূহ আলোচনান্তে নিম্নোক্ত সুপারিশসমূহ অনুমোদন করা হয় ঃ

(১) সমিতির আজীবন সদস্য জনাব মোঃ সুব্রত জামান (আ- ২২৬৫) কে লাইব্রেরী উপ-কমিটির সদস্য হিসেবে সহযোজন করা হয়।

(২) সমিতির লাইব্রেরীয়ান নাজেরা খাতুনের নিয়মিত চাকুরী শেষ হওয়ায় তার আবেদন অনুযায়ী তাকে ০২ (দুই) বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হয়।

(৩) বই ক্রয় অনু-কমিটিতে নবযোগদানকৃত পরিচালক (কার্যক্রম) জনাব মোহাঃ ওয়ালিউর রহমানকে অন্তর্ভুক্ত করা হয়।

(৪) লাইব্রেরীর বই ক্রয় সংক্রান্ত অনু-কমিটির সদস্য শেখ খুরশীদ আলমকে তার ইচ্ছানুসারে উক্ত কমিটি থেকে নাম প্রত্যাহার করা হয়।

**আলোচ্যসূচি- ৫ ঃ অর্থ বিষয়ক উপ-কমিটির ০৫ ডিসেম্বর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশের আলোকে সমিতির ২০১৭ সালের নিরীক্ষা প্রতিবেদন ও ২০১৮ সালের সংশোধিত বাজেট এবং ২০১৯ সালের প্রস্তাবিত বাজেট বিবেচনা ও অনুমোদন।**

অর্থ বিষয়ক উপ-কমিটির ০৫ ডিসেম্বর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশসমূহ আলোচনাকালে নিম্নোক্ত মতামত প্রদান করা হয় ঃ

(ক) নিরীক্ষিত হিসাবে প্রজেক্ট এর পরিবর্তে সংস্থা লিপিবদ্ধ করতে হবে যা পরবর্তী রিপোর্টে লিপিবদ্ধ করা হবে।

(খ) সমিতির আয়কর মওকূফের মেমো নম্বর লিখতে হবে।

(গ) বিনিয়োগের খাতের নাম লিখতে হবে।

(ঘ) সমিতির কোন কোন অনুষ্ঠানের খরচ সেবা খাতে না দেখিয়ে প্রাতিষ্ঠানিক খাতে দেখানোর পরামর্শ প্রদান।

(ঙ) বার্ষিক সাংস্কৃতিক অনুষ্ঠানের বাজেট বরাদ্দ বৃদ্ধি করার পরামর্শ প্রদান।

(চ) বাজেটে গরীব অসহায় সদস্যদের দাফন-কাফনের অর্থ বরাদ্দের ব্যবস্থা রাখার প্রস্তাব গৃহীত হয়নি।

**অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সুপারিশসমূহ অনুমোদন করা হয় ঃ**

**(১)** ২০১৭ সালে খসড়া নিরীক্ষিত হিসাব বার্ষিক সাধারণ সভার অনুমোদনের জন্য সুপারিশ করে সিদ্ধান্ত গৃহীত হয় (সংযুক্ত)।

**(২)** ২০১৮ সালের খসড়া সংশোধিত বাজেটে প্রাপ্তি খাতে টাঃ ১২,৮৭,৩৯,০৩১/- (বার কোটি সাতাশি লক্ষ উনচল্লিশ হাজার একত্রিশ) এবং প্রদান খাতে টাঃ ১২,৮৭,৩৯,০৩১/- (বার কোটি সাতাশি লক্ষ উনচল্লিশ হাজার একত্রিশ) এর প্রস্তাব এবং ২০১৯ সালের প্রস্তাবিত বাজেটে প্রাপ্তি খাতে টা ঃ ১৩,০৭,৪৫,০০০/- (তের কোটি সাত লক্ষ পঁয়তাল্লিশ হাজার) এবং প্রদান খাতে টাঃ ১৩,০৭,৪৫,০০০/- (তের কোটি সাত লক্ষ পঁয়তাল্লিশ হাজার) এর প্রস্তাব (যা একটি সমন্বয় বাজেট হিসাবে পরিগণিত হবে) বার্ষিক সাধারণ সভার অনুমোদনের সুপারিশ করে সিদ্ধান্ত গৃহীত হয় (সংযুক্ত)।

**আলোচ্যসূচি- ৬ ঃ গঠনতন্ত্র ও আইন বিষয়ক উপ-কমিটির ১০ ডিসেম্বর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশ বিবেচনা ও অনুমোদন।**

গঠনতন্ত্র ও আইন বিষয়ক উপ-কমিটির ১০ ডিসেম্বর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশসমূহ আলোচনান্তে প্রস্তাবিত সংশোধনীসমূহ অনুমোদনের জন্য আগামী বার্ষিক সাধারণ সভায় উপস্থাপনের সুপারিশ করে সিদ্ধান্ত গ্রহণ হয় (সংযুক্ত)।

**আলোচ্যসূচি- ৭ ঃ নিয়োগ, বেতন ও বিধি উপ-কমিটির ১৩ ডিসেম্বর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশ বিবেচনা ও অনুমোদন।**

নিয়োগ, বেতন ও বিধি উপ-কমিটির ১৩ ডিসেম্বর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার নিম্নোক্ত সুপারিশ অনুমোদন করা হয় ঃ

(ক) সমিতির গাইনোকলোজিস্ট (জুনিয়র কনসালটেন্ট) ডাঃ সুফিয়া খানমকে ১/২/২০১৯ তারিখ হতে পরবর্তী ০২ (দুই) বছরের জন্য তার বেতন ভাতা ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা বৃদ্ধি চুক্তিভিত্তিক নিয়োগদানের সুপারিশ।

(খ) সমিতির লাইব্রেরীয়ান জনাব নাজেরা খাতুন এর বয়স ৫৯ বছর পুর্তিতে তিনি সমিতির চাকরিবিধি মোতাবেক নিয়মিত চাকরি হতে বিগত ০৩ নভেম্বর, ২০১৮ তারিখে অবসর গ্রহণ করেন। তার চুক্তিভিত্তিক নিয়োগের আবেদনের প্রেক্ষিতে তার সর্বশেষ প্রাপ্য বেতন ভাতায় লাইব্রেরীয়ান পদে ০১ জানুয়ারী, ২০১৯ সাল হতে পরবর্তী ০২ (দুই) বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ দানের সুপারিশ।

সময়ের স্বল্পতার কারনে নিয়োগ কমিটির অন্যান্য সুপারিশসমূহ যথাঃ সমিতির সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা, উপ সহকারী প্রকৌশলী, ডাটা এন্ট্রি/কন্ট্রোল সুপারভাইজার, কল্যাণ কর্মকর্তা, ল্যাব এ্যাটেনডেন্ট পদ সৃষ্টি/নাম পরিবর্তনের বিষয়গুলো পরবর্তী কার্যনির্বাহী কমিটির সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচি- ১২ ঃ নূতন সদস্যভুক্তির আবেদনসমূহ বিবেচনা ও অনুমোদন।**

সমিতির পরিচালক (প্রশাসন) মোট ৩৭(সাইত্রিশ) জনের আবেদনের একটি তালিকা সভায় উপস্থাপন করেন। উপস্থিত সদস্যদের সম্মতিক্রমে ৩৭(সাইত্রিশ) জন নতুন সদস্যকে সমিতির সদস্য হিসেবে অন্তর্ভুক্তির বিষয়টি অনুমোদন করা হয়।

উপরিউক্ত আলোচসূচিসমূহ আলোচনা করতেই যোহরের নামায এবং দুপুরের খাবার সময়ের শেষ পর্যায়ে উপনীত হওয়ায় অদ্যকার সভায় উপস্থাপিত আলোসূচি ৭ এর অসমাপ্ত অংশ এবং ৮, ৯, ১০, ১১ ও ১৩ পরবর্তী কার্যনির্বাহী কমিটির সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মোঃ আবদুল কাইউম ঠাকুর)
মহাসচিব

স্বাক্ষরিত/-
(আব্দুল্লাহ হারুন পাশা)
সভাপতি